রঘুনাথগঞ্জ শাখার
শুভ উদ্বোধন উপলক্ষে
মাত্র ৭৫৲ টাকায় রেডিও
বাকী টাকা কিস্তিতে দেয়
ইলেকট্রনিকের সকল রকম
ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের
১৫ই অক্টোবর পর্য্যন্ত
১০৲ টাকা হইতে ৩০৲ টাকা পর্য্যন্ত
বিশেষ কনশেসন
ধনরাজ পিপাড়া
রঘুনাথগঞ্জ (সদরঘাট), মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্ত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৮শে ভাদ্র বুধবার, ১৩৭৩ ইং 14th Sept 1966 { ১৭শ সংখ্যা।


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।


খাস জনতা
কেরোসিন কুকার
বিপুলতা আমাদের।
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

দাঁত তোলানোর ও বাঁধানোর
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ডেণ্টাল ক্লিনিক
ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেণ্টাল সার্জেন
পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

স্টুডেন্টস্ ফেভারিট
স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



# জঙ্গিপুর সংবাদ

২৮শে ভাদ্র বুধবার সন ১৩৭৩ সাল।

## মা গো !

রোগে, শোকে, ভয়ে, বিপদে যখন কোন অবসাদ আসে, জোরে নিঃশ্বাস ফেলে হাঁপ ছাড়ি আর অজ্ঞাতেও বলি "মাগো!" "মাগো" বলে ডেকে যেন একটু সোয়াস্তি পাই, চিরদিন ডেকে ডেকে অভ্যাস হয়ে গেছে—তাই ডাকি "মাগো"! যখন খুব ছোট ছিলাম, কেউ মারলে, বকলে বা ইচ্ছার বাইরে কোন কাজ করলে তাকে শাসাতাম—মাকে বলে দিব। মা আমার যেন সর্ব্বশক্তিমতী—যার নামে মায়ের কাছে অভিযোগ করবো, মা যেন তার শাসনকর্ত্রী। মায়ের হাতে যেন সন্তানের সব কিছুরই প্রতিকার করার ক্ষমতা আছে। ছোট হ'তে ক্রমে যত বড় হই তখন মায়ের শক্তির উপর বিশ্বাস কমে আসে। আর কাউকে শাসাই না—মাকে বলে দিব ব'লে। তখনই এ বিশ্বাস এলো, আমাদের গর্ভধারিণী মা কাঙালিনী হ'লেও—আর এক মা আছেন, তিনি জগন্মাতা—দুর্গতিহারিণী দুর্গা। যে দিন এ বিশ্বাস এলো, সে দিন হতে এই শরৎ কালে তুমি আমাদের কাছে এসো বলে প্রাণ ভরে ডাকি "মাগো!" ডাক তোমার কাছে পৌছায় না, বলে মনে হয়। যেই চীৎকার করে বলি "মাগো" প্রতিধ্বনিরূপে বুঝি তোমার জবাব আসে "মাগো"। বুঝেছি মা—'মাগো' অর্থাৎ যাচ্ঞা কর। মা, তাই তোমার কাছে দেহি, দেহি ব'লে চিরদিন চাইছি কিন্তু কই মা অভাব তো ঘুচলো না। আজ অন্নহারা, বস্ত্রহারা, স্বাস্থ্যহারা, শান্তিহারা। আমাদের ডাকের প্রতিধ্বনি "মাগো" কথা কিন্তু ফলতে আরম্ভ করেছে। টাকা দিয়ে যা কিনতে হয় মাগ্‌না পাওয়া যায় না সে সব জিনিসও নগদ টাকা দিয়ে যেন করুণা ভিক্ষা করতে যাচ্ছি। তাই বলি আর তোমায় "মাগো!" বলে ডাকতে ভয় হয়, কারণ প্রতিধ্বনি বলে "মাগো"। তুমি যদি আমাদের প্রতি করুণানয়নে না চাও আর এমনি করে নাচাও, তবে নাচবো আর গাইবো—"ওমা দিগম্বরী নাচ গো"। গানের প্রতিধ্বনিতে ঐ কথাই যেন তোমার আদেশরূপে ফিরে এসে আমাদের সবকে দিগম্বর আর দিগম্বরী সাজে সাজাতে আরম্ভ করেছে।

**বল মা তারা দাঁড়াই কোথা !**

---

## রিক্সা চালকদের যথেচ্ছাচার

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর অন্যতম কমিশনর শ্রীবরুণ রায়ের নেতৃত্বে রিক্সা চালকগণের এক শোভাযাত্রা রঘুনাথগঞ্জ শহর প্রদক্ষিণ করিয়া ম্যাকেঞ্জি পার্কে এক সভায় মিলিত হয়। সভার পরদিন হইতেই অনেক রিক্সাচালক রঘুনাথগঞ্জ শহর হইতে জঙ্গিপুর রোড রেল ষ্টেশন পর্য্যন্ত রিক্সা ভাড়া ৫০ পয়সা নির্দ্ধারিত থাকা স্বত্ত্বেও প্রতি সিটে ৩৫ পয়সা হিসাবে ৭০ পয়সা আদায় করছে।

অনেক ক্ষেত্রে যাত্রিগণের সঙ্গে বাক-বিতণ্ডাও হচ্ছে। অনেক চালক ভদ্রলোকদের সম্মান রেখে কথা বলতে জানে না। রাত্রির ট্রেণে জঙ্গিপুর রোড ষ্টেশনে নেমে দেখবেন যে কয়খানি রিক্সা থাকবে তাতে চাপতে গেলেই বলবে আমার গাড়ী রিজার্ভ আছে। ইহাই কি "পাবলিক কনভিনিয়েন্স"? ইহার প্রতিকারের উপায় কি? রিক্সা ইউনিয়নের কর্ম্মকর্ত্তাদের ও মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষের কিছু করণীয় থাকিলে তাঁহারা একটা সুব্যবস্থা করুন। বেয়াড়া চালকদের লাইসেন্স বাতিল করুন।

বর্ত্তমানে জঙ্গিপুর মিউনিসিপ্যাল এলাকায় ৩৩৪ খানি রিক্সা চলাচল করে।

---

## রঘুনাথগঞ্জ সংস্কৃত বিদ্যাপীঠ, বালিঘাটা

এই বিদ্যাপীঠ হইতে নিম্নের পরীক্ষার্থীরা উত্তীর্ণ হইয়াছেন :—

কাব্যের উপাধি—শ্যামানন্দ দেব (২য় বিভাগ)

মুগ্ধবোধ ব্যাকরণের আদ্য পরীক্ষা—মৈত্রেয়ী ব্রহ্ম (১ম বিভাগ)

অধ্যাপক—শ্রীকালীকুমার মুখোপাধ্যায়,
বি-এস-সি, কাব্যতীর্থ

## কে. সি. চ্যারিটী ফণ্ড লটারীর পঞ্চম পুরস্কার প্রাপ্তি

রঘুনাথগঞ্জ শহরের লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক ডাঃ গৌরীপতি চ্যাটার্জ্জি মহাশয়ের বাড়ীর নিকটস্থ ষ্টেশনারী ব্যবসায়ী শ্রীঅমরেন্দ্রকুমার সিংহ মহাশয়ের কন্যা শ্রীমতী অরিতা সিংহ কে. সি. চ্যারিটী ফণ্ড লটারীর ৫ম পুরস্কার দুই হাজার টাকা পাইয়াছেন। টিকিট নং HA 8644 Kalimata ঐ টাকা হইতে টিকিট বিক্রেতা দুই শত টাকা পাইবেন।

---

## রসগোল্লার হাজতবাস

দমদমের থানা ঘরে দু-দুটিন ভরতি রসগোল্লা, পানতোয়া পচছে। এর মোট ওজন দেড় মণ। মঙ্গলবার দুপুরে বিরাটি ষ্টেশনে একজন যাত্রীর হেফাজতে তা পাওয়া যায়। পুলিশ তারপর এর ওর কাছে টেলিফোন করেও কোন কিছু না করতে পেরে হাজত ঘরে তা রেখে দেন। পুলিশের পক্ষ থেকে জানানো হয়, পরীক্ষাগারের রিপোর্ট বুধবার পাওয়া গিয়েছে। বলা হয়েছে রসগোল্লা পানতোয়াগুলি দুগ্ধজাত ছানা দিয়েই তৈরী। কিন্তু এ মিষ্টির ভবিষ্যৎ সম্পর্কে বুধবার রাত আটটা পর্য্যন্ত কেউ তেমন হদিশ দিতে পারেননি।

---

## তিনজনে একসঙ্গে চালাবার উপযোগী সাইকেল রিক্সা

বহরমপুর ষ্টেশন রোডের সাইকেল মিস্ত্রী শ্রীনিতাই দাশগুপ্ত নিজের হাতে এমন একটি সাইকেল রিক্সা তৈরী করেছেন, যা তিনজনে একসঙ্গে প্যাডেল করে চালাতে পারে। এই নতুন ধরণের রিক্সা-গাড়ীটি একসঙ্গে তিনজনে চালালে খুব দ্রুত-গতিতে যায় এবং পাঁচ-সাতজনকে এই রিক্সায় বহন করে নিয়ে যাওয়া যায়।

শ্রীদাশগুপ্ত এর আগে একসঙ্গে দু'জনের চালাবার উপযোগী ট্যানডেম বাই-সাইকেল নির্ম্মাণ করেছিলেন। নানারকম সাইকেল তৈরীর ব্যাপারে তিনি উদ্ভাবনী শক্তি ও কারিগরি-দক্ষতার পরিচয় দিয়েছেন।

## বাদশাহী আমলের মুদ্রা ও রৌপ্যপাত্র উদ্ধার

—•—

লালবাগের প্রাচীন নবাবী প্রাসাদ হুমায়ুন-মঞ্জিলের মোতিমহলের ভিতের নীচ থেকে কিছুদিন আগে নক্সা-কাটা পাথরের পেটিকায় বাদশাহী আমলের যে মোহর পাওয়া গিয়াছিল, তা আত্মসাৎ করার অভিযোগে পুলিশ জন তিনেক মজুরকে ধরেছে।

হুমায়ুন-মঞ্জিলের ঐ অংশ ভেঙ্গে ফেলার কাজে নিযুক্ত মজুররা বাদশাহী আমলের মুদ্রা-সমেত পাথরের কারুকার্যখচিত একটি পেটিকা পায়। ঐ মজুরদের কাছ থেকে পুলিশ এ পর্য্যন্ত পাথরের একটি পেটিকা, সাড়ে তিন কেজি ওজনের চাঁদির একটি রেকাবি এবং আড়াই ভরি ওজনের একটি বাদশাহী মোহর সমেত পাঁচটি প্রাচীন বাদশাহী 'আশরফি' (টাকা) উদ্ধার করেছে। চাঁদির রেকাবির দু'পৃষ্ঠে ফারসী হরফে লিপি উৎকীর্ণ আছে।

—

কাঞ্চনতলা হরিসভার একাদশ বার্ষিক

## শ্রীশ্রীদুর্গা পূজার আয় ব্যয়ের হিসাব

সন ১৩৭২ সাল

জমা—মোট চাঁদা আদায় ৪৫৫৲, উদ্বৃত্ত জিনিস বিক্রয় ৮৫·৭৫ মোট ৫৪০·৭৫, গত বৎসরের মোজুদ তহবিল ·০৫, ১৩৭২ সালে ঘাটতি ৫১·৯২ সর্ব্বমোট ৫৯২·৭২ পয়সা।

খরচ—প্রতিমা ৮০৲, প্রতিমার আনুষঙ্গিক খরচ ১৫·৯৭, বেদী ও মণ্ডপ নির্মাণ ২২·১৯, আলোক সজ্জা ১৯·৫০, পূজার উপকরণাদি ও আনুষঙ্গিক খরচ ৩১২·৬৯, ঢাক বাদ্যাদি ৪৬৲, নরসুন্দর ও পরিচারক ২৪৲, পূজার দক্ষিণা ৩৬৲, নিরঞ্জন খরচ ৩৬·৩৭, মোট খরচ ৫৯২·৭২ পয়সা।

শ্রীশ্রীপতিভূষণ দাশ, সভাপতি
শ্রীযামিনীমোহন দাস, সম্পাদক
শ্রীবলরাম দাস, কোষাধ্যক্ষ

—

## সরকারী বিজ্ঞপ্তি

১৯৪০ সালের মোটরযান আইনের ৫৭ নিয়মের উপনিয়ম (খ) এর সহিত পঠিত ১৯৩৯ সালের মোটরযান আইনের (১৯৩৯ সালের ৪নং আইন) ৫৭ ধারা অনুযায়ী সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ, পোঃ বহরমপুর, বিজ্ঞাপিত করিতেছেন নিম্নবর্ণিত বাসরুটগুলির প্রত্যেকটিতে একটি করিয়া স্থায়ী রুট পারমিট প্রদানের জন্য নিম্নলিখিত দরখাস্তসমূহ তাঁহার অফিসে গৃহীত হইয়াছে। রুটের নাম (প্রত্যহ উভয়দিকে এক ট্রিপ) ও প্রাপ্ত দরখাস্তের সংখ্যা যথাক্রমে নিম্নরূপ :— (১) লালগোলা—জঙ্গিপুর, ১০ ; (২) কান্দি—ছিরুটি, ৮। দরখাস্তকারীগণের নাম ও ঠিকানা-সহ দরখাস্তের তালিকা মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন প্রাধিকার আফিসের নোটিশ বোর্ডে টাঙাইয়া রাখা হইয়াছে। এই ব্যাপারে আর্জি-সমূহ (যদি থাকে) উপরোক্ত সচিব কর্ত্তৃক ১০ই অক্টোবর, ১৯৬৬ তারিখ পর্যন্ত গৃহীত হইবে। দরখাস্তসমূহ ও আর্জিগুলি (যদি পাওয়া যায়) মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকার কর্ত্তৃক মুর্শিদাবাদের জেলা শাসকের অফিসে ১০-১০-৬৬ তারিখের পরে ইহার সভায় বিবেচিত হইবে। উক্ত সভার প্রকৃত তারিখ যথাসময়ে বিজ্ঞাপিত হইবে।

## মুর্শিদাবাদে জাপানী কৃষি বিশেষজ্ঞ দল

সাতজন জাপানী কৃষি ও শিল্প বিশেষজ্ঞ এখানে এসেছিলেন। এঁদের এদেশে পাঠিয়েছেন জাপানের কৃষিশিল্প ও কৃষ্টি উন্নয়ন সংস্থা। জাপানী সংস্থার নেতার বিশ্বাস খাদ্য সমস্যার সুব্যবস্থাই অনুন্নত দেশগুলির উন্নয়নের প্রধান উপায়।

জাপানী বিশেষজ্ঞদল বাঁকুড়া ও হুগলি জেলা পরিদর্শনের সময় মুর্শিদাবাদ আসেন এবং ১৮ই আগষ্ট এখান থেকে কালিম্পং রওনা হয়ে গিয়েছেন। দলের নেতা শ্রীআউজাওয়া মুর্শিদাবাদের আম ও তরিতরকারি উৎপাদন ও সংরক্ষণ সম্পর্কে আগ্রহ প্রকাশ করেন।

## শিক্ষকের ভূমিকায় ছাত্ররা

আসানসোলের একটি বিদ্যালয়ের ছাত্ররা যখন দেখে যে, তাদের শিক্ষকরা কাছাকাছি হাজির থাকলেও ক্লাস নিচ্ছেন না এবং ধর্মঘট করছেন তখন তারা একযোগে প্রধান শিক্ষক মহাশয়ের কাছে গিয়ে পড়ার দাবি জানায়। তিনি স্কুলের সেরা ছাত্রদের ক্লাস চালাবার ভার দেন এবং সাময়িক-ভাবে একটি নতুন রুটিনও তৈরী হয়। ক্লাস যথারীতি চলে। 'নতুন শিক্ষকরা' পড়ুয়াদের পূর্ণ সহযোগিতা লাভ করেন।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ২৬শে সেপ্টেম্বর, ১৯৬৬

১৯৬৬ সালের ডিক্রীজারী

৩ স্বত্ব ডিঃ চারুবালা দে দেং নিবিড়কুমার সাহানা দাবি ৭০৭·৭৫ পয়সা থানা সাগরদীঘি মৌজে বাওড়া ৩৮৵৯ পাই জমা তন্মধ্যে দেনদারের ৬৯ শঃ কাত পড়তামত ১৷০ আঃ ১০০৲ খং ৪১৬ রায়ত স্থিতিবান স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ ১৯৪ শতক জমির কাত ৫৷৵৩ তন্মধ্যে দেনদারের ৬৫ শতক পড়তামত কাত ১৷০ আঃ ৫০৲ খং ৫৫১ ঐ স্বত্ব

নিলামের দিন ১০ই অক্টোবর, ১৯৬৬

১৯৬৫ সালের ডিক্রীজারী

১৮ স্বত্ব ডিঃ সায়েক সেখ দিং দেং নাবের সেখ দাবি ৫২·৫৯ পয়সা থানা সাগরদীঘি মৌজে বেলাইপাড়া ১-৬৬ শঃ মধ্যে ১ ৪৩ শঃ নিলাম হইবে আঃ ৫০৲

১৯৬৬ সালের ডিক্রীজারী

৪ অন্য ডিঃ আদিত্যকুমার সাহা দিং দেং তারিণী ডোম দিং দাবি ৪০·৬২ পয়সা থানা সমসেরগঞ্জ মৌজে কাঁকুড়িয়া ১৫ শতকের কাত ৫৷৩ আঃ ২৫৲ খং ২১৫০ রায়ত স্থিতিবান স্বত্ব

## দ্বিতল পোক্তা বাটী বিক্রয়

জঙ্গিপুর সাহেববাজার ফাঁড়ির সন্নিকটে ছয়খানি ঘর, ২টী বারান্দা, রান্নাঘর, পায়খানা ও ইন্দারাসহ একখানি বাড়ী বিক্রয় আছে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীহরিচরণ স্বর্ণকার
জঙ্গিপুর সাহেববাজার।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

**সারিবাদ্যাসব**

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন
ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )